কুষ্টিয়ায় কৃষি প্রণোদনা কর্মসূচির উদ্বোধনকালে এমপি রেজা আহমেদ

কুষ্টিয়া-১ আসনের মাননীয় সংসদ সদস্য রেজা আহমেদ (বাচ্চু মোল্লা) বলেছেন, কৃষকই দেশের অর্থনীতির অন্যতম চালিকাশক্তি। কৃষকদের সহায়তায় বর্তমান সরকার ধারাবাহিকভাবে বিভিন্ন প্রণোদনা ও সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে।

তিনি বলেন, জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার পাশাপাশি খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা ধরে রাখতে কৃষকদের পাশে সরকার সব সময় রয়েছে।

সোমবার (৬ জুলাই) দৌলতপুর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে কৃষি উৎপাদন বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং প্রান্তিক কৃষকদের সহায়তায় সরকারের কৃষি প্রণোদনা কর্মসূচি-২০২৬ এর আওতায় দৌলতপুর উপজেলায় প্রণোদনা বিতরণ কার্যক্রমের শুভ উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

অনুষ্ঠানে তিনি আরও বলেন, কৃষি প্রণোদনা কর্মসূচির মাধ্যমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে উন্নতমানের বীজ, সার ও অন্যান্য কৃষি উপকরণ বিনামূল্যে বিতরণ করা হচ্ছে। এর ফলে উৎপাদন ব্যয় কমবে, ফসলের উৎপাদন বৃদ্ধি পাবে এবং কৃষকরা আধুনিক ও টেকসই কৃষি প্রযুক্তি ব্যবহারে আরও উৎসাহিত হবেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দৌলতপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিন্দ্য গুহ। স্বাগত বক্তব্য দেন উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ রেহেনা পারভিন।

সভাপতির বক্তব্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিন্দ্য গুহ কৃষকদের সরকারি সহায়তার যথাযথ ব্যবহার নিশ্চিত করার আহ্বান জানান।

তিনি বলেন, কৃষি উৎপাদন বৃদ্ধি এবং নিরাপদ খাদ্য নিশ্চিত করতে কৃষি বিভাগের পরামর্শ অনুযায়ী আধুনিক প্রযুক্তিনির্ভর চাষাবাদে গুরুত্ব দিতে হবে।

উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ রেহেনা পারভিন জানান, কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় প্রকৃত কৃষকদের স্বচ্ছ ও নিরপেক্ষভাবে নির্বাচন করে সরকারি নীতিমালা অনুযায়ী কৃষি উপকরণ বিতরণ করা হচ্ছে। এর মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি, কৃষকের জীবনমান উন্নয়ন এবং দেশের খাদ্য নিরাপত্তা আরও শক্তিশালী হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে উপজেলা প্রশাসন, কৃষি বিভাগের কর্মকর্তা-কর্মচারী, জনপ্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং বিভিন্ন ইউনিয়ন থেকে আগত কৃষকরা উপস্থিত ছিলেন।